দৈনিক ইত্তেফাক

তারিখ 28 DEC 1992
পৃষ্ঠা ১ কলাম ৪

27

# আজ কম্পিউটার মেলা

ইত্তেফাক রিপোর্ট ॥ বাংলা মাধ্যমের পঞ্চম শ্রেণীর ছাত্র ওমর আল জাবির (মিশো) দেশের প্রথম কম্পিউটার প্রোগ্রামিং প্রতিযোগিতায় স্কুল-কলেজ-ভার্সিটি ও পেশাগত ক্ষেত্রের ৮১ জন প্রতিযোগীর মধ্যে শ্রেষ্ঠ 'কম্পিউটার প্রোগ্রামার' হিসাবে আজ নির্বাচিত হইয়াছে। আজ (সোমবার) শিশু একাডেমী মিলনায়তনে সারাদিন-ব্যাপী কম্পিউটার ও 'বিস্ময়কর' মাল্টি মিডিয়া প্রদর্শনী মেলার শুরুতে আনুষ্ঠানিকভাবে মিশোসহ

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## আজ কম্পিউটার মেলা

( ১ম পৃঃ পর )

অন্যান্য কৃতী প্রতিযোগী পুরস্কৃত হইবে। গতকাল জাতীয় প্রেসক্লাবে সাংবাদিকদের সামনে ছোট্ট মিশোসহ ৪ গ্রুপের ৪জন বিজয়ীকে হাজির করা হয়। মাসিক কম্পিউটার জগৎ আয়োজিত এ অনুষ্ঠানে মিশো জানায়, প্রতিযোগিতার মাত্র দিন কয়েক আগে সে কম্পিউটারে হাত দিয়াছিল। কিন্তু বিজ্ঞান ও কম্পিউটারের খুব উঁচু দরের গ্রন্থাবলী সে ইহার পূর্বেই পড়িয়া ও প্রোগ্রামিং সম্পর্কে ধারণা ও জ্ঞান অর্জন করে। প্রতিযোগিতার সমন্বয়কারী কম্পিউটার জগৎ-এর উপদেষ্টা মোহাম্মদ আবদুল কাদের, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফলিত পদার্থ বিজ্ঞানের শিক্ষক ডঃ আর আই শরীফ, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের মেধাবী তরুণ কম্পিউটারবিদ, প্রযুক্তি বিকাশ পরিষদ ও 'মেগা-ফোর' নামক প্রযুক্তি প্রতিষ্ঠানের সংগঠক জাকারিয়া স্বপন, মাল্টিমিডিয়ার প্রদর্শক ইলেকট্রনিক্স প্রতিষ্ঠানের লোকজন প্রেস শোতে উপস্থিত ছিলেন। অন্যান্য কৃতী প্রতিযোগীর মধ্যে ছিলেন এটিএম শফিকুল খালিদ (বুয়েট), মনিরুল ইসলাম শরীফ ( বুয়েট স্কুল ), জাহাঙ্গীর আলম খান (কম্পিউটার ক্লাব)। মিশো সরকারী ল্যাবোরেটরী স্কুলের ছাত্র।

আজ সকাল ১১টা হইতে বিকাল ৫টা পর্যন্ত যে মাল্টিমিডিয়া শিশু একাডেমীতে প্রদর্শন করা হইবে, উহা গতকাল সাংবাদিকদের দেখানো হয়। তথ্য, শব্দ ও ছবি প্রসেস করার ক্ষমতাসম্পন্ন ৩০ হাজার টাকা মূল্যের একটি যন্ত্র সাধারণ কম্পিউটার-মনিটর ও সেন্ট্রাল প্রসেসিং ইউনিটের সহিত যুক্ত করিলে ৮০ হাজার টাকার মধ্যে একটি মাল্টিমিডিয়া তৈরী হয়। মাত্র ৫ ডলার মূল্যের কাগজের মত পাতলা গোলাকার বর্তনীতে ৪ লক্ষ পৃষ্ঠার তথ্য ও ছবি ধারন করার 'সি ডি রম' এই মাল্টিমিডিয়ার মর্মবস্তু। ইহা ভাবীকালের প্যাপিরাস হিসাবে পরিচিত। ১ টাকার বর্তনীতে ৪০০ পৃষ্ঠার তথ্য ধারন করিবার ক্ষমতার কারণে ইহা বই পুস্তক লাইব্রেরীর স্থলাভিষিক্ত হইতে যাইতেছে। উদ্যোক্তাগণ জানান, সি ডি রমে তথ্য প্রবিষ্ট করানোর কাজ একটি শিল্প হিসাবে গড়িয়া তোলা হইলে দেশে বসিয়া বিদেশের বিপুল কাজ করা যায়। কিন্তু এ ব্যাপারে সরকারী উদ্যোগ প্রয়োজন।